

# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 16 May, 2025

অন্তর্বর্তী সরকারের তথ্য উপদেষ্টা মাহফুজ আলমের ওপর হামলার ঘটনায় ক্ষুব্ধ প্রতিক্রিয়া জানিয়েছে 'চট্টগ্রাম প্রেসক্লাব অন্তর্বর্তী কমিটি' ও চট্টগ্রাম মেট্রোপলিটন সাংবাদিক ইউনিয়ন (সিএমইউজে)।

'প্রেসক্লাব অন্তর্বর্তী কমিটি'র সদস্য সচিব জাহিদুল করিম কচি এক বিবৃতিতে এমন ন্যাক্কারজনক ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান।

চট্টগ্রাম প্রেসক্লাবের অন্তর্বর্তীকালীন কমিটির সদস্য সচিব জাহিদুল করিম কচি বলেন, 'বর্তমান সরকার গঠিত হয়েছে ছাত্র জনতার অসীম আত্মত্যাগের মধ্য দিয়ে। ফ্যাসিবাদমুক্ত বাংলাদেশে সরকারের একজন উপদেষ্টার ওপর হামলাকে চট্টগ্রাম প্রেসক্লাব রাষ্ট্রের নিরাপত্তার প্রতি হুমকি হিসেবে দেখছে।'

বিবৃতিতে চট্টগ্রাম প্রেসক্লাবের নেতৃবৃন্দ বলেন, 'ভিন্নমত ও দাবি আদায়ের শান্তিপূর্ণ আন্দোলন কোন অপরাধ নয়, এটি নাগরিকদের সাংবিধানিক অধিকার। তবে দাবি আদায়ের নামে প্রকাশ্যে মাহফুজ আলমের মতো একজন উপদেষ্টাকে লাঞ্চিত করা আইনের চরম অবমাননা, ধৃষ্টতা।'

আরেক বিবৃতিতে চট্টগ্রাম মেট্রোপলিটন সাংবাদিক ইউনিয়নের সভাপতি মোহাম্মদ শাহনওয়াজ ও সাধারণ সম্পাদক সালেহ নোমান বলেন, গণতান্ত্রিক রাষ্ট্রে যে কেউ নিজের দাবি জানাতে পারেন-এটি নাগরিকদের মৌলিক অধিকার। তবে অধিকার আদায়ের আন্দোলনে রাষ্ট্রের

গুরুত্বপূর্ণ ব্যক্তির উপর হামলা পতিত ফ্যাসিবাদী সরকারের দুর্বৃত্তায়ন রীতিকে পুনরায় উসকে দেবে। আন্দোলনের নামে যেকোনো ধরনের বিশৃঙ্খলা - সহিংসতার প্রচেষ্টা রুখে দিতে হবে। আমরা তথ্য উপদেষ্টা মাহফুজ আলমের ওপর ন্যাকারজনক হামলার তীব্র নিন্দা জানাই এবং হামলাকারীদের দ্রুত বিচার দাবি করছি।

প্রেসক্লাব তথ্য উপদেষ্টা

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:27

URL: <https://www.timestodaybd.com/chittagong/6300682551>